কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড
নিউমুরিং, চট্টগ্রাম
www.navy.mil.bd

ফোন ঃ ০২৩৩৩৩৪২৫০০-৩০ বর্ধিত ৬৭৩১
ই-মেইল ঃ csd@navy.mil.bd

৭ ফাল্গুন ১৪৩০
২৩.০২.১৫২৮.৫০১.৫৩.১৫৭.২৪. ৬৫৭ 20 ফেব্রুয়ারি ২০২৪

দরপত্র আহবান

কাজের বর্ণনা ও শর্তাবলী

১। বিএন ডকইয়ার্ড/বোট ওয়ার্কশপ এর তত্ত্বাবধানে বানৌজা নির্ভীক এর নিম্নে বর্ণিত কাজের জন্য যোগ্য ও উপযুক্ত মেরামতকারী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

a. **Work Description**.

i) 01 in no Metal Shark Boat (Boat No-27) port side sky light glass is cracked and aluminum frame perforated. Size: Length - 09 Ft and Breadth - 09 Inch.

ii) 01 in no Metal Shark Boat (Boat No-30) stbd side window glass cracked and aluminum frame perforated. Size: Length - 38 Inch and Breadth - 26 Inch.

b. **Work To Be Done.** Both Metal Shark Boat window aluminum frame and glass to be repaired/renewed as necessary and fitted back.

২। **Repair/ Renew কাজ সংক্রান্ত বিবরণ**। উক্ত কাজে কোন মালামাল সরবরাহের প্রয়োজন হলে উহার প্রকৃত উৎস উল্লেখ করতে হবে। স্থানীয়ভাবে মেরামতের ক্ষেত্রে স্থানীয় দক্ষতা ও অভিজ্ঞতা সম্পর্কে বিস্তারিত বিবরণ দিতে হবে। প্রয়োজনে বড় কোন অভিজ্ঞ ও নামকরা ব্যক্তি/ প্রতিষ্ঠানের সাহায্য নেওয়ার প্রয়োজন হলে তা প্রস্তাবিত দরপ্রস্তাবে উল্লেখ করতে হবে। প্রয়োজনে স্যাম্পল প্রদান করতে হবে।

৩। **যন্ত্রপাতি/ যন্ত্রাংশ/ আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ**। উক্ত কাজের প্রকৃত অবস্থা নির্ণয়ের জন্য দরদাতাগণ সংশ্লিষ্ট আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ করে মেরামত/নবায়নের পূর্নাঙ্গ প্রস্তাবনাসহ দরপ্রস্তাব দাখিল করবেন। দরপ্রস্তাবে উল্লিখিত যন্ত্রাংশের অতিরিক্ত কোন যন্ত্রাংশের প্রয়োজন হলে নিজ খরচে তা প্রদান করে বর্ণিত কাজ সম্পাদন করতে হবে।

৪। **মেরামত সংক্রান্ত নির্দেশাবলী**। উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা/ বিনির্দেশ মোতাবেক হতে হবে। উক্ত কাজে আসল, নতুন এবং উপযুক্ত যন্ত্রাংশ ব্যবহার করতে হবে। কার্যাদেশ প্রদানের পর মেরামত/নবায়ন ও সংরক্ষণ কাজে ব্যবহৃত যন্ত্রাংশ পরিদর্শনের জন্য উপস্থাপন করতে হবে এবং বিএন ডকইয়ার্ড ও সংশ্লিষ্ট জাহাজ/সংস্থার প্রতিনিধির উপস্থিতিতে মেরামত/নবায়ন ও সংরক্ষণ কার্য সম্পাদন করতে হবে।

৫। **তত্ত্বাবধায়ক শপ/ ঘাঁটি/ জাহাজ**। উক্ত কাজ বিএন ডকইয়ার্ড/বোট ওয়ার্কশপ এবং বানৌজা নির্ভীক এর সার্বিক তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে।

৬। **জনবলের শৃঙ্খলা ও নিরাপত্তা**। উক্ত কাজ সম্পাদনের সময় নিজস্ব সকল জনবলের শৃঙ্খলা ও নিরাপত্তা মেরামতকারী প্রতিষ্ঠান নিশ্চিত করবে।

৭। **কার্য সম্পন্নের সময়সীমা**। কার্যাদেশ গ্রহণের ১৫ দিনের মধ্যে উক্ত কাজ সম্পাদন করতে হবে (বানৌজা নির্ভীক কার্যযাচন নং ১১৪৩২৪০০০০৬ ও ১১৪৩২৪০০০০৭ তারিখ ২৫ জানুয়ারি ২০২৪)।

৮। **ওয়ারেন্টি**। দরদাতাকে মেরামত কাজ শেষে সংশ্লিষ্ট জাহাজ/ ঘাঁটি কর্তৃক গ্রহণযোগ্যতা/ Acceptance প্রদানের পর হতে ০১ বছর ওয়ারেন্টি প্রদান করতে হবে। ওয়ারেন্টিকালীন দরপত্রে উল্লিখিত কাজের কোন ত্রুটি দেখা দিলে দরদাতা প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশসহ নিজ খরচে মেরামত কাজ এর টেষ্ট/ ট্রায়াল সম্পাদন করবে।

৯। **বিলম্ব জরিমানা**। বর্ণিত কাজগুলি নির্দিষ্ট সময়ে সম্পন্ন করতে না পারলে কর্তৃপক্ষ কার্যাদেশের মোট মূল্যের উপর প্রতি মাসে ১%-২% হারে বিলম্বিত সময়ের জন্য সর্বোচ্চ ১০% Liquidated Damage (LD) হিসেবে কর্তন করতে পারবে।

১০। **গ্রহণযোগ্য সনদপত্র ও বিল প্রদান**। কাজ সমাপ্তির পর গ্রহণযোগ্য সনদপত্র এবং বিধি মোতাবেক অন্যান্য সকল নথিপত্রসহ যথাযথ বিল (চার সেট) সিএসডি বরাবরে পেশ করা হলে সিএসডি/ এএফসি (নৌ), চট্টগ্রাম কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

১১। বিএন ডকইয়ার্ড গার্ডরুমে রক্ষিত টেন্ডার বক্সে আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৪, ১২০০ ঘটিকার পূর্বে দরপত্র জমা দিতে হবে।

১২। আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৪, ১২৩০ ঘটিকায় টেন্ডার বাক্স খোলা হবে।

১৩। দরপত্র কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড, নিউমুরিং, চট্টগ্রাম এর বরাবর দাখিল করতে হবে।

১৪। দরদাতা কর্তৃক প্রস্তাবিত দরমূল্যের মধ্যে ভ্যাট, ট্যাক্স অন্তর্ভূক্ত করে দরপত্র দাখিল করবে, বাংলাদেশ নৌবাহিনীকে কনসাইনি করে বিদেশ হতে আমদানীরক্ষেত্রে কাস্টমস্ শুল্ক ব্যতিত দরপ্রস্তাব দাখিল করতে হবে।

১৫। দরপ্রস্তাব টেন্ডার বাক্সে ফেলার পূর্বে অবশ্যই খাম এবং গাম দ্বারা বন্ধ পূর্বক নিজস্ব প্রতিষ্ঠানের সীল মোহর যুক্ত হতে হবে। অন্যথায় তা বাতিল বলে গণ্য হবে।

১৬। দরপ্রস্তাব দাখিল করে দরপত্র খোলার পর বাতিল বা প্রত্যাহারের আবেদন করা হলে তা গ্রহণযোগ্য হবে না। সর্বনিম্ন দরদাতা নির্বাচিত হওয়ার পর কার্যাদেশ প্রদানের পূর্বে কাজে অপারগতা প্রকাশ করলে মোট মূল্যের উপর ৫% জরিমানা আরোপ করা হবে।

১৭। উক্ত কাজের জন্য প্রয়োজনীয় মালামাল সমূহ বিদেশ হতে আমদানীর প্রয়োজন হলে ভ্যাট এবং ট্যাক্স ব্যতিত অধিনায়ক, নৌ ভান্ডার, চট্টগ্রাম অথবা ভারপ্রাপ্ত কর্মকর্তা, নৌ উপ-ভান্ডার, ঢাকা (বাংলাদেশ নৌ বাহিনী) কে কনসাইনি করে আমদানী করতে হবে।

১৮। উক্ত দরপত্রে সিএসডি সংস্থায় তালিকা বহির্ভূত যোগ্য সরবরাহকারীগণ দরপ্রস্তাবে উদ্ধৃত মূল্যের ৫% (অনধিক ০১ লক্ষ মাত্র) অর্থ জামানত হিসাবে পে-অর্ডারের মাধ্যমে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড বরাবর প্রদান করতঃ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।

১৯। দরপত্র সংক্রান্ত কোন বিষয় বোধগম্য না হলে অত্র সংস্থার প্ল্যানিং এন্ড এষ্টিমেটিং ডিপার্টমেন্টের আউট সাইড এজেন্সি এর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

২০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল/গ্রহণ ও অন্য কোন প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করার পূর্ণ ক্ষমতা রাখে।

অদ্বৈতানন্দ দাশ
কমান্ডার বিএন
পক্ষে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড

বিতরণঃ

অন্তস্থঃ

কার্যঃ

প্রেসিডেন্ট টেন্ডার মূল্যায়ন কমিটি, সিএসডি সংস্থা

ভারপ্রাপ্ত কর্মকর্তা - ওয়েব সাইটে (www.csd.navy.mil.bd) প্রকাশের অনুরোধসহ
আইটি সেকশন, সিএসডি সংস্থা

ভারপ্রাপ্ত কর্মকর্তা, আউটসাইড এজেন্সি - নোটিশ বোর্ডে দরপত্রটি ঝুলানোর অনুরোধসহ